

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
যৌথমূলধন কোম্পানি ও ফার্মসমূহের পরিদপ্তর
১, কাওরান বাজার, টি.সি.বি. ভবন (৭ম তলা), ঢাকা।
ওয়েব সাইট: www.roc.gov.bd

স্মারক নং: আরজেএসসি/

তারিখ: ০৬/০৫/২০১৮খ্রিঃ

বিষয়: আলীগড় ওল্ড বয়েজ এসোসিয়েশন অব বাংলাদেশ এর রেজিস্ট্রেশন বাতিলাদেশ প্রত্যাহার ও রিকল এর আদেশ
মুদ্রন খরচ পরিশোধ সাপেক্ষে গেজেটে প্রকাশের অনুরোধ প্রসঙ্গে।

সূত্র: ০৫.০৪.০০০০.০৮৬.০৮.০০৯.১৭-৩০, তারিখ: ২৫.০৪.২০১৮খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে নিম্ন স্বাক্ষরকারীর প্রদত্ত গত ০৩/০৪/২০১৮ তারিখের প্রেরিত বিজ্ঞপ্তিটি যথাযথভাবে এতদসঙ্গে প্রেরণ করা হল। বিজ্ঞপ্তিটি সাধারণ অবগতির জন্য গেজেটে প্রকাশের অনুরোধ জানাচ্ছি এবং মুদ্রন ব্যয় পরিশোধের অঙ্গীকার করছি।

সংযুক্তি- বিজ্ঞপ্তি-০১ পাতা।

স্বাঃ

(মোঃ সিরাজ উদ্দিন)
সহকারী নিবন্ধক
নিবন্ধকের পক্ষে



উপ-নিয়ন্ত্রক

বাংলাদেশ সরকারী প্রেস

বাংলাদেশ ফার্মস এন্ড পাবলিকেশন অফিস

তেজগাঁও, ঢাকা-১২০৮।

স্মারক নং: আরজেএসসি/ ২১২৫(৬)

তারিখ: ০৬/০৫/২০১৮খ্রিঃ

অনুলিপি(সদয় অবগতির জন্য)

- ১। সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। জনাব এ.কে.এম বদরুদ্দোজা
এ্যাডভোকেট, প্যানেল আইনজীবী(আরজেএসসি)।
- ৩। আইটি শাখা, আরজেএসসি, ঢাকা(ওয়েব সাইটে প্রকাশের জন্য)।



(মোঃ সিরাজ উদ্দিন)
সহকারী নিবন্ধক
নিবন্ধকের পক্ষে



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
যৌথমূলধন কোম্পানি ও ফার্মসমূহের পরিদপ্তর
১, কাওরান বাজার, টি.সি.বি. ভবন (৭ম তলা), ঢাকা।
ওয়েব সাইট: www.roc.gov.bd


স্মারক নং: আরজেএসসি/

তারিখ: ০৬/০৫/২০১৮

বিজ্ঞপ্তি

চট্টগ্রাম বিভাগীয় কার্যালয়ে সোসাইটিজ রেজিস্ট্রেশন অ্যাক্ট ১৮৬০ এর বিধান মতে নিবন্ধিত আলীগড় ওল্ড বয়েজ এসোসিয়েশন অব বাংলাদেশ (রেজিঃ নং- সি এইচ এস ১২১) এর রেজিস্ট্রেশন বিগত ২৯/১২/২০০৩ তারিখে চট্টগ্রাম বিভাগীয় কার্যালয়ের তৎকালীন সহকারী রেজিস্ট্রার জনাব এম. এ. মান্নান কোম্পানী আইন ১৯৯৪ এর ২৮(৪) ধারার বিধানের বরাত দিয়ে বাতিল করেন যা বে-আইনী বলে প্রতীয়মান হয়। কেননা এরূপ বিধান শুধুমাত্র কোম্পানী আইনের ২৮ ধারার আওতায় সরকার কর্তৃক লাইসেন্স প্রাপ্তির পর 'লিমিটেড' শব্দটি সংযুক্তকরণ ব্যতিরেকে নিবন্ধিত কোন কোম্পানীর ক্ষেত্রে প্রযোজ্য। সোসাইটিজ রেজিস্ট্রেশন অ্যাক্ট ১৮৬০ এ কোন নিবন্ধিত সোসাইটির রেজিস্ট্রেশন বাতিল করার বিধান নেই।

উপরোক্ত অবস্থাবীনে সোসাইটিজ রেজিস্ট্রেশন অ্যাক্ট ১৮৬০ মোতাবেক নিবন্ধিত “আলীগড় ওল্ড বয়েজ এসোসিয়েশন অব বাংলাদেশ” এর রেজিস্ট্রেশন বাতিল করে প্রদত্ত চট্টগ্রাম বিভাগীয় কার্যালয়ের তৎকালীন সহকারী রেজিস্ট্রার জনাব এম. এ. মান্নানের ২৯/১২/২০০৩ তারিখের আদেশ যার স্মারক নং রেজসকো/২০০৩/চট্ট/৬৮ এতদ্বারা বাতিল ও রিকল করা হলো। উক্ত সোসাইটির রেজিস্ট্রেশন নম্বর ও ইহার মূল নথিটি পুনরুজ্জীবিত হলো।


(মোঃ সিরাজ উদ্দিন)
সহকারী নিবন্ধক
নিবন্ধকের পক্ষে

